# ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
মাদরাসা পরিদর্শন দপ্তর
www.iau.edu.bd
মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

স্মারক নং- ইআবি/পরি/কামিল (স্নাতকোত্তর) প্র. পা./২০২৪/ ১৫০১৭ তারিখ: ০২ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ / ১৭ আগস্ট ২০২৫ খ্রিষ্টাব্দ

## অফিস আদেশ

কামিল (স্নাতকোত্তর) হাদিস বিভাগ প্রাথমিক পাঠদান অনুমতির বিষয়ে কুতুবপুর ইসলামিয়া ফাজিল মাদরাসা, কুতুবপুর (KUTUBPUR ISLAMIA FAZIL MADRASAH, EIIN: 107233), বেগমগঞ্জ, নোয়াখালী -এর অধ্যক্ষ কর্তৃক আবেদন ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের ৩য় সংবিধির অনুচ্ছেদ ১৩ (গ) অনুযায়ী গঠিত পরিদর্শন কমিটির দাখিলকৃত প্রতিবেদনের আলোকে অনুচ্ছেদ ১৩ (ঙ) মোতাবেক ভাইস চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনের তারিখ ১৭.০৮.২০২৫ খ্রিষ্টাব্দ থেকে ১৬.০৮.২০২৮ খ্রিষ্টাব্দ পর্যন্ত নিম্নোক্ত শর্তে ০৩ (তিন) বছরের জন্য কামিল (স্নাতকোত্তর) হাদিস বিভাগ প্রাথমিক পাঠদানের অনুমতি প্রদান করা হল -

**শর্তসমূহ:**

১. ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষ থেকে ২বছর মেয়াদি কামিল (স্নাতকোত্তর) হাদিস বিভাগ এর কার্যক্রম চালু হবে।
২. মাদরাসায় লাইব্রেরীকে মূল কিতাবসহ বিষয় ভিত্তিক বই দিয়ে সমৃদ্ধ করতে হবে।
৩. মাদরাসায় পর্যাপ্ত ছাত্র-ছাত্রী রয়েছে, এর আলোকে প্রশস্ত শ্রেণীকক্ষের সংখ্যা বাড়াতে হবে।
৪. মাদরাসার মোট জমি ও অখন্ড জমি ভরাটসহ নতুন ভবন নির্মাণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
৫. মূল কিতাব ক্রয় পূর্বক শিক্ষকদের আরবি ভাষা শিক্ষাদানের উপর জোর দিতে হবে।
৬. মাদরাসায় পূর্নাঙ্গ গভর্ণিং বডির কমিটি গঠনের পরবর্তী ৬০ (ষাট) কর্মদিবসের মধ্যে উপাধ্যক্ষ নিয়োগ দিতে হবে।
৭. সকল আর্থিক ও প্রশাসনিক সিদ্ধান্ত গভঃবডি কমিটির মাধ্যমে অনুমোদন নিতে হবে।
৮. সকল শিক্ষক এর পৃর্থক ব্যক্তিগত ফাইল সংরক্ষণ করতে হবে।
৯. আগামী ৬০ কর্মদিবসের মধ্যে শিক্ষক ও কর্মচারীদের ডিজিটাল হাজিরা নিশ্চিত করতে হবে।
১০. মাসিক শিক্ষক সমাবেশ এবং জবাবদিহিতা নিশ্চিত করতে হবে।
১১. সকল বিল ভাউচারে অধ্যক্ষের স্বাক্ষর ও সীল রয়েছে, অর্থ কমিটি গঠন করে অনুমোদন নিতে হবে।
১২. সকল প্রকার ক্রয়ের পূর্বে বাজেট প্রাক্কলন করে সভাপতির স্বাক্ষর নিয়ে ক্রয় কার্য সম্পাদন করতে হবে।
১৩. সকল মালামাল ক্রয়ের পরে তা স্টক রেজিস্ট্রারে লিপিবদ্ধ করতে হবে।
১৪. আর্থিক শৃঙ্খলা রক্ষার্থে একক স্বাক্ষরে কোন ক্রয় করা যাবে না।
১৫. কলামনার ক্যাশবই সঠিক ভাবে সংরক্ষণ করতে হবে।
১৬. প্রাথমিক পাঠদান অনুমতির মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে অধিভুক্তির জন্য আবেদন করতে হবে।

ভাইস চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে

১৭/৮/২৫

(মোঃ আইউব হোসেন)
রেজিস্ট্রার
ও
মাদরাসা পরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব)
মাদরাসা পরিদর্শন দপ্তর
মোবাইলঃ ০১৭০৫-৪০৮০০১

অধ্যক্ষ
কুতুবপুর ইসলামিয়া ফাজিল মাদরাসা
কুতুবপুর, বেগমগঞ্জ, নোয়াখালী ।

স্মারক নং- ইআবি/পরি/কামিল (স্নাতকোত্তর) প্র. পা./২০২৪/ ১৫০১৭ তারিখ: ০২ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ / ১৭ আগস্ট ২০২৫ খ্রিষ্টাব্দ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
২। চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
৩। রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (একাডেমিক কমিটির সভায় রিপোর্ট করার জন্য)।
৪। ভাইস চ্যান্সেলরের একান্ত সচিব (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
৫। প্রো-ভাইস চ্যান্সেলরের একান্ত সচিব (প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
৬। আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৭। সভাপতি, কুতুবপুর ইসলামিয়া ফাজিল মাদরাসা, কুতুবপুর, বেগমগঞ্জ, নোয়াখালী।
৮। অফিস নথি।

17/08/25

(মোহাম্মদ শরীফুল ইসলাম)
সহকারী মাদরাসা পরিদর্শক
মাদরাসা পরিদর্শন দপ্তর